দৈনিক বাংলা

012

তারিখ 13 JAN 1988
পৃষ্ঠা 1 কলাম 6

# চট্টগ্রাম ভার্সিটি পরিস্থিতি বিবেচনায় ১৫ সদস্যের কমিটি

(স্টাফ রিপোর্টার)

চট্টগ্রাম, ১২ই জানুয়ারী।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের জরুরী সভার মুলতবী অধিবেশনে বিভিন্ন আবাসিক হলে সামগ্রিক বিষয় তদারকের ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে প্রো-ভাইস-চ্যান্সেলর আলী ইমদাদ খানের নেতৃত্বে আজ ১৫ সদস্যের একটি কমিটি গঠিত হয়েছে।

(শেষ পৃ: ১ ক: দ্র:)

## চট্টগ্রাম ভার্সিটি

(প্রথম পৃ: পর)

কমিটি ছাত্র প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে আগামী ১৬ই জানুয়ারী ভাইস-চ্যান্সেলরের কাছে রিপোর্ট পেশ করবে।

ইসলামী ছাত্র শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে বহিরাগত দুর্বৃত্তদের গ্রেফতারের ব্যাপারে এডমিন ও সিন্ডিকেটের অনিয়মতান্ত্রিক সিদ্ধান্তের প্রতিবাদে মঙ্গলবার বিক্ষোভ মিছিল ও ভিসির বাসভবন ঘেরাও করে।

গতকাল গ্রেফতারকৃত ৩৫ জন শিবির কর্মীকে আজ মুক্তি দেয়া হয়েছে। তাদের আজ সন্ধ্যায় দলীয় কার্যালয়ে সংবর্ধনা দেয়া হয়।